তারিখ ... 14 AUG 2015
পৃষ্ঠা ... কলাম ... 2

দৈনিক
জনকণ্ঠ

# জেএসসি জেডিসি ও প্রাথমিক সমাপনী পরীক্ষার সময়সূচী চূড়ান্ত

স্টাফ রিপোর্টার ॥ আগামী ১ নবেম্বর থেকে শুরু হতে যাওয়া জেএসসি-জেডিসি পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচী চূড়ান্ত করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তারা বৃহস্পতিবার রাতে বিষয়টি নিশ্চিত করেছেন। জানা গেছে, আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির পক্ষ থেকে মন্ত্রণালয়ে সময়সূচীর যে খসড়া জমা দেয়া হয়েছিল সেটাই চূড়ান্ত করা হয়েছে। রবিবার আনুষ্ঠানিকভাবে বিষয়টি জানানো হতে পারে। এরপর শিক্ষা বোর্ডগুলো তাদের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করবে।

জানা গেছে, অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও মাদ্রাসার জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা আগামী ১ নবেম্বর শুরু হয়ে শেষ হবে ১৮ নবেম্বর।

জেএসসি সময়সূচী ॥ ১ নবেম্বর বাংলা প্রথম পত্র, ২ নবেম্বর বাংলা দ্বিতীয় পত্র, ৩ নবেম্বর ইংরেজী প্রথম পত্র, ৪ নবেম্বর ইংরেজী দ্বিতীয় পত্র, ৫ নবেম্বর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ৮ নবেম্বর গণিত/সাধারণ গণিত, ৯ নবেম্বর ধর্ম/বিজ্ঞান, ১১ নবেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ১২ নবেম্বর শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, ১৫ নবেম্বর বিজ্ঞান, ১৬ নবেম্বর কর্ম ও জীবনমুখী শিক্ষা, ১৭ নবেম্বর কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, ১৮ নবেম্বর চারু ও কারুকলা।

জেডিসি সময়সূচী ॥ ১ নবেম্বর কুরআন মাজীদ ও তাজবিদ, ২ নবেম্বর আকাইদ ও ফিকাহ, ৩ নবেম্বর বাংলা প্রথম পত্র, ৪ নবেম্বর বাংলা দ্বিতীয় পত্র, ৫ নবেম্বর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ৮ নবেম্বর ইংরেজী প্রথম পত্র, ৯ নবেম্বর ইংরেজী দ্বিতীয় পত্র, ১১ নবেম্বর আরবী প্রথম পত্র, ১২ নবেম্বর আরবী দ্বিতীয় পত্র, ১৪ নবেম্বর গণিত, ১৫ নবেম্বর কর্ম ও জীবনমুখী শিক্ষা-শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, ১৬ নবেম্বর সামাজিক বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্ব